



অভিবাসন আদালত 101

Bangla | বাংলা

অভিবাসন আদালতে আপনি একজন অভিবাসন বিচারকের সামনে আপনার মামলা লড়ার সুযোগ পাবেন এবং কেন আপনার যুক্তরাষ্ট্রে থাকার অনুমতি পাওয়া উচিত তার পক্ষে যুক্তি উপস্থাপন করার সুযোগ পাবেন। অভিবাসন আদালতে আপনি যদি আপনার মামলায় হেরে যান তাহলে আপিল করতে পারবেন।

আপনাকে যুক্তরাষ্ট্র থেকে বের করে দেওয়া হতে পারে, যদি:

- আপনি অভিবাসন আদালতে হেরে যান এবং আপিল না করেন,
- আপনি আপিলেও হেরে যান।

অভিবাসন আদালতে কে থাকবে?



- সেখানে একজন **অভিবাসন বিচারক** থাকবেন যিনি সিদ্ধান্ত দেবেন যে আপনি যুক্তরাষ্ট্রে থাকার অনুমতি পাবেন কি না।
- সেখানে **একজন এ্যাটর্নি** থাকবেন যিনি সরকারের পক্ষে কাজ করবেন। তাদের কাজ হলো মার্কিন যুক্তরাষ্ট্রের সরকারকে প্রতিনিধিত্ব করা। তারা আপনার জন্য কাজ করবে না।
- **যদি আপনার একজন এ্যাটর্নি থাকে** তাহলে তারা আপনার সাথে আদালত কক্ষে উপস্থিত থাকতে পারবে এবং আপনাকে ফোন করতে ও আপনার সঙ্গে দেখা করতে পারবে।

মনে রাখবেন: সরকার আপনাকে কোনও এ্যাটর্নির ব্যবস্থা করে দেবে না, তবে আদালতে আপনার প্রতিনিধিত্ব করার জন্য আপনি একজন এ্যাটর্নি নিয়োগ করতে পারবেন।

আপনার অভিবাসন আদালতে মামলার তারিখ দেখার উপায়

- আপনার মামলার তারিখ কবে নির্ধারিত হয়েছে তা দেখার জন্য আপনার একটি A-নম্বর লাগবে (উদাহরণ: A 000-000-000)। এই নম্বরটি সরকার কর্তৃক নির্ধারিত এবং অভিবাসন নথিতে লেখা থাকে।
- আপনার শুনানির তথ্য জানতে স্বয়ংক্রিয় মামলা-সংক্রান্ত তথ্য ব্যবস্থা (Automated Case Information system) ব্যবহার করুন। নিচে দুটি উপায় দেওয়া হলো:
 - হটলাইনে ফোন করুন 1-800-898-7180 -এই নম্বরে। আপনার A-নম্বরটি প্রবেশ করান ও অপারেটরের নির্দেশনা অনুসরণ করুন।
 - ওয়েবপেজটিতে যান: <https://acis.eoir.justice.gov/en/> সার্চ বক্সে আপনার A-নম্বরটি টাইপ করুন ও "এন্টার" ক্লিক করুন।



সশরীর শুনানির পরিবর্তে ভার্চুয়াল/টেলিফোনে শুনানির ব্যবস্থা

আপনি যদি আপনার অভিবাসন আদালতের শুনানি সশরীর থেকে অনলাইন অথবা টেলিফোন মাধ্যমে পরিবর্তন করতে চান তাহলে আপনাকে অবশ্যই আদালতে আনুষ্ঠানিক অনুরোধ জমা দিতে হবে। এটি খুব গুরুত্বপূর্ণ যে আপনার মামলার পরবর্তী শুনানির নির্ধারিত তারিখের আগেই যত তাড়াতাড়ি সম্ভব আপনাকে এই আবেদন জমা দিতে হবে। আপনাকে অবশ্যই মনে রাখতে হবে যে এই কাজটি করার জন্য আপনাকে **একজন এ্যাটর্নির সঙ্গে আলোচনা করতে হবে।**



- আইনি উপদেশ একজন এ্যাটর্নির কাছ থেকেই আসা উচিত যিনি সঠিকভাবে আপনার জন্য প্রয়োজনীয় কাগজপত্র তৈরি ও জমা দেয়ার বিষয়ে আপনাকে সহায়তা করতে পারবেন।
- আপনাকে আদালতে শুনানির পদ্ধতি পরিবর্তনের জন্য একটি আবেদন দাখিল করতে হবে। অভিবাসন বিচারক অনুরোধটি পর্যালোচনা করবেন এবং আপনাকে বা আপনার আইনজীবীকে সিদ্ধান্ত সম্পর্কে অবহিত করবেন।
- প্রস্তাবটি অনুমোদিত হলে, শুনানি অনলাইনে হবে; যদি তা প্রত্যাখ্যাত হয়, তাহলে শুনানি সশরীর অনুষ্ঠিত হবে।

আইনজীবী খোঁজা

সাম্প্রতিক মাসগুলিতে, অভিবাসন আদালতের অভ্যন্তরে অভিবাসন আইন প্রয়োগকারী সংস্থার কার্যকলাপের খবর পাওয়া গেছে। এই পরিস্থিতিতে আপনি আটক হওয়ার সম্ভাবনা মাথায় রেখে একটি পরিকল্পনা তৈরি করে রাখতে পারেন। যদি আপনার কোনও প্রশ্ন থাকে তাহলে একজন এ্যাটর্নির সঙ্গে কথা বলুন।

বিনামূল্যে ও গোপনীয়তার সাথে অভিবাসন আইনি সহায়তার জন্য MOIA-র অভিবাসন আইনি সহায়তা হটলাইনে ফোন করুন:



1-800-354-0365

সোমবার থেকে শুক্রবার, সকাল 9টা থেকে সন্ধ্যা 6টা পর্যন্ত **দোভাষী সেবা পাওয়া যাবে**

প্রতিটি অভিবাসন আদালতের কাছে, কাছাকাছি অবস্থিত বিনামূল্যে বা কম খরচে অভিবাসন আইনি পরিষেবা প্রদানকারীদের একটি তালিকা রয়েছে।

আপনার আদালতের কাছে, নিকটবর্তী বিনামূল্যের অভিবাসন আইনি প্রতিষ্ঠানের তালিকা আগে থেকেই খুঁজে পেতে QR কোডটি স্ক্যান করুন অথবা দেখুন:

www.justice.gov/eoir/list-pro-bono-legal-service-providers

